



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৪-২০১৫/ ১১৪৭

তারিখ: ১৩ এপ্রিল ২০১৫

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকার কোর্স পরিবর্তন, ২য় মেধা তালিকা প্রকাশ ও ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকার কোর্স পরিবর্তন ও ২য় মেধা তালিকা ১৫ এপ্রিল ২০১৫ তারিখে প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (NU<space>ATDG<space>Roll No টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) এ রাত ৯টা থেকে পাওয়া যাবে।

২০১৪-১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ২য় মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকার কোর্স পরিবর্তন ও ২য় মেধা তালিকা প্রকাশ	১৫/০৪/২০১৫
খ)	১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের কোর্স পরিবর্তন হবে তাদের অনলাইন থেকে ফরম প্রিন্ট করে সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার সময়সীমা উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সে ভর্তি বহাল থাকবে। ▶ কোর্স পরিবর্তনের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না। ▶ কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না।	১৬/০৪/২০১৫ থেকে ২৩/০৪/২০১৫
গ)	২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফিসহ (ভর্তি নির্দেশিকার ১১ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার সময়সীমা	১৬/০৪/২০১৫ থেকে ২৩/০৪/২০১৫
ঘ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ২য় মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময়সীমা	১৬/০৪/২০১৫ থেকে ২৫/০৪/২০১৫
ঙ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র নির্ধারিত অংশ (ভর্তি নির্দেশিকার ১১ নং অনুচ্ছেদ অনুযায়ী) জাতীয় বিশ্ববিদ্যালয়ে ডি.ডি. করার পরিবর্তে “সোনালী সেবা” এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দেয়ার তারিখ সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Deg. Pass) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের ‘রেজিস্ট্রেশন ফি’ খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ১০০০০০১৩৪ উলেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন ‘সোনালী সেবা’ প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৬/০৪/২০১৫ থেকে ২৮/০৪/২০১৫

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাস্শেরা খানম)

ডীন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়

ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল-deanug@nubd.info

স্মারক নং-০৬(১০১)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৪-২০১৫/ ১১৪৭

তারিখ: ১৩ এপ্রিল ২০১৫

অনুলিপি:

- ১। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
(ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের
অনুরোধ করা হলো)
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সচিব, ভাইস চ্যান্সেলর এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়